



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



'জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫' উপলক্ষে প্রাণিসম্পদ পদক প্রদানের জন্য মনোনয়ন প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগে প্রাণিসম্পদ খাতের গুরুত্ব তুলে ধরা, খাত সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করা এবং প্রাণিসম্পদ উন্নয়নে জনগণের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে ২০২৫ সালে নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে “জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ২০২৫” উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে। প্রাণিসম্পদ সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে গৌরবময় ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ জাতীয় প্রাণিসম্পদ পদক নীতিমালা অনুসরণ পূর্বক ০৫(পাঁচ) টি ক্ষেত্রে প্রাণিসম্পদ পদক প্রদান করা হবে। ক্ষেত্রসমূহ হলো:

- ক. গবাদি পশুর খামার (গরু, মহিষ, ছাগল, ভেড়া ও অন্যান্য)।
- খ. পোল্ট্রি খামার (হাঁস, মুরগি, কবুতর, টার্কি, কোয়েল ও অন্যান্য)।
- গ. প্রাণি ও প্রাণিজাত পণ্য উৎপাদন (মাংস, দুধ ও ডিম) প্রক্রিয়াজাতকরণ, বাজারজাতকরণ ও রপ্তানি।
- ঘ. প্রাণিসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনায় ব্যক্তি/প্রতিষ্ঠান/এসোসিয়েশন/সমবায় সমিতি/গণমাধ্যম/এনজিও/প্রাণিসম্পদ সংক্রান্ত সমাজতান্ত্রিক সংগঠনের অবদান/সমগ্র কর্মজীবনের অবদান।
- ঙ. প্রান্তিক চাষী/নারী ও অনগ্রসর খামারীদের প্রাণিসম্পদ উন্নয়নে অবদান।

আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে আগামী ২৩ অক্টোবর, ২০২৫ খ্রি. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর মনোনয়ন ফরম জমা প্রদান করবেন। উল্লিখিত সময়ের মধ্যে পদক সংক্রান্ত আবেদন ফরম সংগ্রহ ও বিস্তারিত তথ্যের জন্য জেলা প্রাণিসম্পদ দপ্তরে যোগাযোগের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এছাড়াও এ সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইট www.dls.gov.bd এ পাওয়া যাবে।